কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক


# এই যুগ
# EI YUG


ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 21 MAY 2026 ,THURSDAY | ২১ মে ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-168


## নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে সাক্ষাৎ করলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২০ মে :** বুধবার হাওড়ার "নবান্নে" রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে সাক্ষাৎ করলেন বালুরঘাট এর বিজেপি সাংসদ তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। জানা গেছে, সৌজন্যমূলক সাক্ষাৎ এর জন্য নবান্নে গেছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার।

## আলিপুরদুয়ারে প্রচুর কাঠ উদ্ধার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ মে :** সরকারের বদল হয়েছে এরপরেও চোরাই কাঠ ব্যবসায়ীরা এখনো অনেকটাই সক্রিয়। স্বাভাবিক ভাবেই বনকর্তাদের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। রাতের অন্ধকারে ডিমা নদী দিয়ে কাঠ পাচার চলছে অবাধে আলিপুরদুয়ার পৌরসভার অরবিন্দ নগর ১ নম্বর ওয়ার্ডের ডিমা নদী থেকে প্রচুর পরিমাণ কাঠ উদ্ধার হয়েছে। কাঠ উদ্ধার হওয়ার পরই প্রশ্ন উঠেছে বনদপ্তরের কর্মীসহ বনকর্তাদের ভূমিকা নিয়ে।

## সীমান্ত সুরক্ষায় BSF এর হাতে ২৭ কিলোমিটার জমি তুলে দিল পশ্চিমবঙ্গ সরকার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২০ মে :** বাংলাদেশ সীমান্তে কাঁটাতার দেওয়ার জন্য BSF এর হাতে ২৭ কিলোমিটার জমি তুলে দিল পশ্চিমবঙ্গ সরকার। বাংলাদেশের সঙ্গে পশ্চিমবঙ্গে ২২০০ কিলোমিটারের সীমান্ত রয়েছে। এর মধ্যে কাঁটাতার রয়েছে ১৬০০ কিলোমিটার এলাকায় ,বাকি রয়েছে ৬০০ কিলোমিটার । বুধবার হাওড়ার নবান্ন সভাঘর থেকে মুখ্যমন্ত্রী পরিষ্কার জানিয়ে দেন , যাঁরা সিএএ র অন্তর্ভুক্ত নন ,তাঁরা অনুপ্রবেশকারী। তাদেরকে রাজ্য পুলিশ গ্রেপ্তার করে BSF এর হাতে তুলে দেবে।তিনি এদিন আগের তৃণমূল সরকার কে উদ্দেশ্যে বলেন ,৫৫৫ কিলোমিটার এলাকায় চাইলেই জমি দিতে পারত আগের সরকার কিন্তু জমি দেয়নি। এছাড়া এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বাংলা থেকে অনুপ্রবেশকারীদের তাড়াতে নতুন আইন লাগু করার কথা ঘোষণা করেন । আগামী দিনে রাজ্য সরকার অনুপ্রবেশ রুখতে যেকোনো রকম ব্যবস্থা গ্রহণ করতে তৈরি সেটা আরও একবার বুঝিয়ে দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

## ভাঙ্গা টিনের শেড মেরামতের উদ্যোগ নেই কলেজ কর্তৃপক্ষের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ মে :** তিন মাসের অধিক সময় ধরে চেপানি ইঞ্জিনিয়ারিং কলেজে ভেঙ্গে পড়ে রয়েছে টিনের শেড। মেরামত করার কোনোরকম উদ্যোগ নেই কলেজ কর্তৃপক্ষের যদিও কলেজের প্রিন্সিপাল জানিয়েছেন মেরামত করার জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ কে জানানো হয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ এই টিনের শেড মেরামতের জন্য চার লক্ষ টাকার উপরে বাজেট তৈরি করেছে। ইঞ্জিনিয়ারিং কলেজের রক্ষণাবেক্ষণ এর দায়িত্ব উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের। আর এর ফলেই ১৮ মাসে বছর হচ্ছে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কর্মকর্তাদের। কবে ঠিক হবে এই টিনের শেড জানা নেই কলেজ কর্তৃপক্ষের।

# চা সুন্দরী তে কাটমানি নিয়ে সরগরম ডাঙ্গী




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ মে :** চা সুন্দরী প্রকল্পের ঘর দিয়ে এলাকার পঞ্চায়েত সদস্য থেকে শুরু করে তৃণমূল নেতৃত্বরা কাট মানি সংগ্রহ করেছেন রীতিমতো জোট বেঁধে একত্রিত হয়ে কাট মানি সংগ্রহ করেছেন আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দাস দেবনাথ এর মা তথা কোহিনুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের পঞ্চায়েত সদস্য লক্ষ্মী দেবনাথ। অভিযোগ লক্ষ্মী দেবনাথ কোহিনুর গ্রাম পঞ্চায়েতের অঞ্চল চেয়ারম্যান তপন দেবনাথ বসির দাস কৃষ্ণদেবনাথ দিলীপ দেবনাথ উৎপল দেবনাথ রাজীব দেবনাথ খগেন দেবনাথ সাধারণ ঘর প্রাপকদের কাছ থেকে কাটমানি তুলেছেন কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ডাংগি এলাকার চা সুন্দরী প্রকল্পের ঘর পাওয়ার নিরীহ ব্যক্তিদের কাছে। প্রায় ১৫ শ ঘর দেওয়া হয়েছে কোহিনূর গ্রাম পঞ্চায়েত এলাকায় চা শ্রমিকদের জন্য এই ঘর বরাদ্দ থাকলেও সাধারণ বাসিন্দাদের কে এই ঘর দিয়ে দেওয়া হয়েছে আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন থেকে। অভিযোগ আদিবাসী পরিবার গুলিকে ঠকিয়ে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের তৎকালীন বিডিও নিমা শেরিং শেরপা শাসক দলের নেতাদের সঙ্গে হাত মিলিয়ে এই ঘর গুলি বন্টন করেছেন। কয়েক কোটি টাকার দুর্নীতি হয়েছে এই যা সুন্দরী প্রকল্পে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের কোহিনুর গ্রাম পঞ্চায়েত এলাকায় এমনটাও অভিযোগ উঠেছে বিজেপি নেতাদের পক্ষ থেকে। সরকারের পরিবর্তন হয়েছে আর এরপরেই পুলিশের কাছে অভিযোগ দায়ের করলেন এলাকার বাসিন্দাদের হয়ে মহেন্দ্র চৌধুরী। তার অভিযোগ রিনা দেবনাথ প্রতিমা সূত্রধর সন্ধা দেবনাথ মিলন দেবনাথ সহ তাদের ঘর প্রাপকদের কাছ থেকে ১০ থেকে ঊর্ধ্বতম কুড়ি হাজার টাকা করে নিয়েছেন পরিবার প্রতি। মহেন্দ্র বাবুর অভিযোগ এলাকা তৃণমূল নেতা নারায়ণ দাসের অঙ্গুলিহেলনে তার শাশুড়িসহ তৃণমূলের নেতা-নেত্রীরা কাট মানি তুলেছেন ঘর প্রাপকদের কাছ থেকে। অভিযোগ পাওয়ার পরেই পুলিশ তদন্তের আশ্বাস দিয়েছেন।

# গাঁজা ও ব্রাউন সুগার উদ্ধার জয়গাঁতে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ মে :** আলিপুরদুয়ার জেলার জয়গাঁগামী পথে জিএসটি মোড় এলাকায় আলিপুরদুয়ার পুলিশের স্পেশাল টিম এবং জয়গাঁ থানা পুলিশের পক্ষ থেকে বুধবার নাকা চেকিং চলার সময় একটি গাড়ি আটক করা হয়।এই গাড়িটির তল্লাশি নিতেই মেলে ২. ৭ কেজি গাঁজা। অভিযুক্ত জলপাইগুড়ি রাজগঞ্জের বাসিন্দা অসীম মজুমদার। তাঁকে গ্রেফতার করে পুলিশ। পাশাপাশি নাকা চেকিং চলার সময় ২০০ গ্রাম ব্রাউন সুগার সহ জটেশ্বরের বাসিন্দা জাহাঙ্গীর আলমকে ওরফে রাজেশকে গ্রেফতার করা হয়। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে এই মাদক দ্রব্যের মাপঝোঁক করা হয়। এই দুই ব্যক্তির বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা রুজু হয়েছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে উদ্ধারকৃত গাঁজার মূল্য ৫০-৬০ হাজার টাকা এবং ব্রাউন সুগারের মূল্য ৭-৮ লক্ষ টাকা।এই বিষয়ে জয়গাঁ থানার ওসি নয়ন দাস জানান, "জয়গাঁকে মাদকমুক্ত রাখার প্রয়াস চলছে। জিএসটি মোড় এলাকায় ২৪ ঘন্টা নাকা চেকিং চলছে। মাদক কারবারিদের কোনও ভাবেই বরদাস্ত করা হবে না।"

# মা ক্যান্টিনে বেতন নেই ,সমস্যায় কর্মরত মহিলারা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ মে :** পাঁচমাস বেতন নেই। সমস্যায় পড়েছেন আলিপুরদুয়ার কলেজ হল্টে সরকারি ৫ টাকার মা ক্যান্টিনের রাঁধুনিরা। দ্রুত বকেয়া বেতন মেটানোর জন্য সরব হয়েছেন রাঁধুনিরা। তাঁদের অভিযোগ, পুরসভাকে বার বার বলার পরেও বেতন মেটানো হচ্ছে না। ফলে গরীব রাঁধুনিরা সংসার প্রতিপালনে নানান রকম সমস্যায় পড়ছেন।যদিও চলতি মাসেই এই সমস্যার সমাধান হয়ে যাবে বলে জানিয়েছেন আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান বাবলু কর। তিনি বলেন, “নির্বাচনের আগে থেকে বার বার বিভিন্ন জায়গায় আধিকারিক বদল হওয়ার কারণে মা ক্যান্টিনের রাঁধুনিদের বেতন দেওয়ার সাইনিং অথরিটি পরিবর্তন হচ্ছে। সেই কারণে এই সমস্যা হচ্ছে। চলতি মাসেই এই সমস্যার সমাধান হয়ে যাবে।"উল্লেখ্য, ২০২১ সালের প্রথম দিকে রাজ্যের অন্যান্য জেলার সঙ্গেআলিপুরদুয়ারে মা ক্যান্টিনে রান্না করছেন রাঁধুনিরা।এই জেলাতেও মা ক্যান্টিন শুরু করে রাজ্য সরকার। এই ক্যান্টিনে ৫ টাকায় ডিমভাত খাওয়ার ব্যবস্থা করে রাজ্য সরকার। আলিপুরদুয়ার শহরের কলেজ হল্টে মা ক্যান্টিন পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছে আলিপুরদুয়ার পুরসভাকে। ৯ জন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা এখানে রান্না করার কাজ করেন। গত কয়েক বছর তাদের বেতন নিয়মিত মেটানো হলেও গত জানুয়ারি মাস থেকে তারা বেতন পাচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। এখানে রান্না করেন স্বামী হারা ছবি দে। তিনি বলেন, "আমি স্বামী হারা। একটি বাচ্চাকে নিয়ে আমার সংসার। মাসে মাত্র ৩ হাজার টাকা পাই। গত পাঁচ মাস থেকে বেতন পাচ্ছি না।পুরসভাকে বার বার বলেছি। কিন্তু তার পরেও বেতন দেওয়ার কোন ব্যবস্থা করা হয় নি। আমরা তাহলে কীভাবে চালাব?" এই ক্যান্টিনে রান্না করেন সীমা রায়। তিনি বলেন, "সারামাস কাজ করে সামান্য বেতন পাই। তার পরেও জানুয়ারি মাস থেকে সেই বেতন পাচ্ছি না। এই ক্যান্টিনে খেতে গেলেও আমাদের কিনে খেতে হয়। তাহলে এতদিন বেতন বন্ধ থাকলে আমাদের কিভাবে চলবে? আমরা চাই কর্তৃপক্ষ আমাদের বকেয়া বেতন মেটানোর ব্যবস্থা করুক।"উল্লেখ্য বিগত তৃণমূল সরকারের পক্ষ থেকে ৫ টাকায় ডাল, ভাত্, ডিম খাওয়ানোর ক্যান্টিন চালু করে। রাজ্যে পালাবদলের পর বর্তমান বিজেপি সরকার ডিম ভাতের বদলে এই মা ক্যান্টিনে মাছ ভাত খাওয়ানোর প্রতিশ্রুতি দিয়েছে। এই অবস্থায় ডিম ভাত রান্না করে বেতন না পাওয়ার অভিযোগ ওঠায় বিষয়টি নিয়ে চাঞ্চল্য তৈরি হয়েছে।

# বাইসন কে বাঁচাতে গিয়ে দুর্ঘটনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ মে :** বাইসনকে বাঁচাতে গিয়ে সড়কের ধারে পালটে গেল একটি লরি আহত লরির চালক ও খালাসী। ঘটনাটি ঘটেছে মাদারিহাট হলং এলাকায় এশিয়ান হাইওয়েতে। গৌহাটি থেকে কোলকাতা গামী একটি লরি যখন তোর্ষা সেতু ক্রশ করে কিছুদূর এগোনোর পর লরির চালক দেখে সড়কে আচমকা জলদাপাড়া জঙ্গল থেকে একটি বাইসন চলে আসে। গাড়ির চালক তখন বাইসনটিকে বাঁচাতে গিয়ে সড়কের ধারে লরি পালটে খেয়ে পড়ে যায়। এই ঘটনায় লরি ক্ষতিগ্রস্থ হয় এবং লরিতে থাকা দুজন আহত হয়। কিন্ত বাইসনটি বেঁচে যায়।

# কোচবিহার সদর ট্র্যাফিক পুলিশের উদ্যোগে বিশেষ অভিযান



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২০ মে :** আজ শহরের দুর্গাবাড়ি মোড়ে বাস এবং লরি তে এয়ার প্রেশার হর্ন ব্যবহার করার বিরুদ্ধে কোচবিহার সদর ট্র্যাফিক পুলিশের উদ্যোগে একটি বিশেষ অভিযান সংগঠিত হয়। এয়ার প্রেশার হর্ন এমন একটি হর্ন যেটা ব্যবহার করার ফলে বিকট আওয়াজ উৎপন্ন হয়ে প্রবল শব্দদূষণ ঘটায় এতে অন্য গাড়ি চালকদের পাশাপাশি পথচলতি মানুষের অসুবিধার সম্মুখীন হতে হয়। ওসি সদর ট্র্যাফিক সুরেশ দাশ বলেন ," এই সমস্ত এয়ার হর্ন যে সমস্ত গাড়ি চালকেরা ভবিষ্যতে গাড়িতে ব্যবহার করবেন তাদের প্রতি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার হুঁশিয়ারি দেওয়া হয় পাশাপাশি পুলিশের পক্ষ থেকে আজ গাড়ি থেকে এয়ার হর্ন গুলো খুলে বাজেয়াপ্ত করা হয়েছে ।" তিনি আরও জানান এই ধরনের সচেতনতা মুলক অভিযান লাগাতার চলতে থাকবে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |